Department of Education
Carmen Fariña, Chancellor

এনওয়াইসি স্কুলস্ অ্যাকাউন্ট

পিতামাতাদের জন্য উপরিচিত্র

আমার এনওয়াইসি স্কুল অ্যাকাউন্টে কী আছে?

উপস্থিতি: আপনার সন্তানের বিলম্বে আসা ও অনুপস্থিতির দিনের সংখ্যাসহ।বর্তমান এবং স্কুল বছর হিসেবে অতীত উপস্থিতির প্রতিবেদন দেখুন।

গ্রেড: প্রতিটি মার্কিং পিরিয়ডের জন্য শিক্ষকের মন্তব্যসহ আপনার সন্তানের বর্তমান রিপোর্ট কার্ডের গ্রেড, পাশাপাশি অতীত চূড়ান্ত রিপোর্ট কার্ডের গ্রেড।

শিক্ষার্থীর প্রোফাইল: স্কুলের ফাইলে সংরক্ষিত আপনার ও আপনার সন্তানের সংযোগ তথ্য।

অ্যাসেসমেন্ট (মূল্যায়ন); আপনার সন্তানের এনওয়াই স্টেট ইএলএ, ম্যাথ এবং/অথবা রিজেন্টস-এর স্কোর দেখুন।

সময়সূচি: আপনার মিডল এবং/অথবা হাই স্কুলে পড়া সন্তানের সময়সূচি দেখুন।

আপনার এনওয়াইসি স্কুলস্ অ্যাকাউন্ট-এ লগ ইন করা

http://mystudent.nyc

আরো জানতে দেখুন:
http://schools.nyc.gov/nycschools

T&I-24532 (Bengali)

২০১৫ সাল থেকে এনওয়াইসি ডিপার্টমেন্ট অব এডুকেশন (এনওয়াইসিডিওই) নতুন উপায়ে স্কুলে আপনার সন্তানের অগ্রগতির গুরুত্বপূর্ণ তথ্য জানার পদ্ধতি চালু করেছে। একটি এনওয়াসি স্কুল অ্যাকাউন্ট দিয়ে আপনি আপনার সন্তানের উপস্থিতি, গ্রেড, মূল্যায়ন এবং সংযোগ তথ্য কম্পুটার, ফোন অথবা ট্যাবলেটে দশটি ভাষার যে কোনো একটিতে দেখতে পাবেন।

আমি কীভাবে একটি এনওয়াইসি স্কুলস অ্যাকাউন্ট তৈরি করতে পারি?

অ্যাকাউন্ট খোলার জন্য আপনাকে অবশ্যই আপনার সন্তানের পিতামাতা অথবা আইনগত অভিভাবক হতে হবে এবং একই ঠিকানায় বসবাস করতে হবে। আপনার যদি এনওয়াইসি পাবলিক স্কুলে একাধিক সন্তান থাকে, আপনি তাদের সবাইকে একই এনওয়াইসি স্কুলস্ অ্যাকাউন্টে লিংক করতে পারেন। আপনি দুইটির যেকোন একটি উপায়ে এনওয়াইসি স্কুলস্ অ্যাকাউন্টের জন্য রেজিস্টার করতে পারেন:

- ব্যক্তিগতভাবে আপনার সন্তানের স্কুলে উপস্থিত হয়ে একটি টেম্পোরারি পাসওয়ার্ড নেয়ার মাধ্যমে; অথবা
- আপনার স্কুল প্রদত্ত অ্যাকাউন্ট তৈরির কোড ব্যবহারের মাধ্যমে।

ব্যক্তিগতভাবে রেজিস্টার করার প্রক্রিয়া:

1. **আপনার সন্তানের স্কুলের সাথে অ্যাপয়েন্টমেন্ট ঠিক করুন।**
2. **এগুলি সাথে আনবেন:**

ফোটো আইডেন্টিফিকেশন

- পাসপোর্ট
- ড্রাইভারস লাইসেন্স
- আইডিএনওয়াইসি

ফোটো আইডি সংগ্রহ করার জন্য আরও তথ্য জানতে http://www.nyc.gov/idnyc ওয়েবসাইট দেখুন।

আপনার ইমেইল ঠিকানা

আপনি ফ্রি ইমেইল Gmail, Hotmail, অথবা Yahooএর মাধ্যমেও রেজিস্টার করতে পারেন।

ভর্তি শিক্ষার্থীদের জন্য এনওয়াইসি শিক্ষার্থী আইডি নম্বর(সমূহ)

আপনি আপনার সন্তানের ৯ রাশির শিক্ষার্থী আইডি নম্বর তার রিপোর্ট কার্ডে পাবেন। আপনার কাছে আপনার সন্তানের স্টুডেন্ট আইডি নম্বর না থাকলে স্কুলে জিজ্ঞাসা করুন।

3. **অস্থায়ী পাসওয়ার্ড সংগ্রহ করুন:**

আপনার সন্তানের স্কুল থেকে আপনাকে একটি এনওয়াইসি স্কুলস অ্যাকাউন্ট তৈরি করার কোডসম্বলিত অনন্য অ্যাকাউন্ট ক্রিয়েশন কোড লেটার দেওয়ার কথা। আপনার যদি এনওয়াইসি পাবলিক স্কুলে একাধিক সন্তান থাকে তাহলে আপনাকে এক চিঠিতে প্রত্যেক সন্তানের জন্য একটি করে কোড সরবরাহ করা হবে। আপনি যদি চিঠি না পেয়ে থাকেন, তাহলে আপনার সন্তানের স্কুলে যোগাযোগ করুন বা নিজে গিয়ে অ্যাকাউন্ট খোলার জন্য অ্যাপয়েন্টমেন্ট নিন।

4. **কম্প্যুটার, ফোন, অথবা ট্যাবলেট থেকে অ্যাকাউন্টে লগ ইন করুন।**

http://schools.nyc.gov/myaccount ওয়েবসাইটে যান এবং আপনার ইমেইল ঠিকানা ও অস্থায়ী পাসওয়ার্ড এন্টার করুন। আপনার অ্যাকাউন্টের জন্য আপনাকে একটি নতুন পাসওয়ার্ড, আপনার সিকিউরিটির কোয়েশ্চেন ঠিক করতে হবে প্রশ্ন এবং আপনার ইমেইল ঠিকানার সত্যতার প্রমাণ দিতে হবে।

৮ জুন, ২০১৬ তারিখে হালনাগাদকৃত।

Department of Education
Carmen Fariña, Chancellor

এনওয়াইসি স্কুলস্ অ্যাকাউন্ট

পিতামাতাদের জন্য উপরিচিত্র

এরপর আমার কী করণীয়?

➡ আপনার এনওয়াইসি স্কুলস অ্যাকাউন্ট রেজিস্টার করতে আপনার সন্তানের স্কুলে অ্যাপয়েন্টমেন্ট নিন।

➡ আপনার সন্তানের উপস্থিতি, গ্রেড, এবং সর্বসাম্প্রতিক স্টেট টেস্ট স্কোরসহ বাড়তি তথ্য দেখার জন্য আপনার এনওয়াইসি স্কুলস অ্যাকাউন্টে লগ ইন করুন।

➡ যেকোনো সময়ে আপনার সন্তানের তথ্য দেখতে এনওয়াইসি স্কুলস অ্যাকাউন্ট ব্যবহার করুন।

সুপারিশ



সাজেশন (সুপারিশ) ফরম ব্যবহার করে আপনাদের মতামত জানাবার জন্য আপনাদেরকে আহ্বান জানাচ্ছি। আপনার এনওয়াইসি স্কুলস অ্যাকাউন্টে লগ ইন করার পর আবেদনপত্রের নিচে লিংক পাবেন।

আরো জানতে দেখুন:
http://schools.nyc.gov/nycschools

এনওয়াইসি স্কুলস" অ্যাকাউন্টের জন্য অনলাইনে রেজিস্ট্রেশ

এছাড়াও আপনি সন্তানের স্কুলে না গিয়েও এনওয়াইসি স্কুলস অ্যাকাউন্ট রেজিস্টার করতে পারেন। আপনি আপনার স্কুল থেকে প্রত্যেক সন্তানের জন্য একটি করে অনন্য এনওয়াইসি স্কুলস অ্যাকাউন্ট ক্রিয়েশন কোড পাঠাবার অনুরোধ জানাতে পারেন। এনওয়াইসি স্কুলস্ অ্যাকাউন্ট এনওয়াইসি স্কুলস অ্যাকাউন্ট তৈরি অথবা বিদ্যমান অ্যাকাউন্টে বাড়তি কোন সন্তান যোগ করতে আপনার এই কোড এবং আপনার সন্তানের ৯-রাশির শিক্ষার্থী আইডি নম্বর প্রয়োজন হবে।

অনলাইনে রেজিস্টার করুন

নিচের পদক্ষেপগুলো গ্রহণ করে ইন্টারনেট সংযোগ রয়েছে এমন যে কোনো কম্প্যুটার বা ডিভাইস থেকে অ্যাকাউন্ট খুলতে পারবেন:

1. http://schools.nyc.gov/myaccount ওয়েবসাইটে যান এবং লগইন পেইজে "অ্যাকাউন্ট তৈরি করুন" লিংক নির্বাচন করুন।
2. আপনার সন্তানের ৯-রাশির শিক্ষার্থী আইডি এন্টার করুন। আপনি আপনার সন্তানের আইডি নম্বর তার রিপোর্ট কার্ডে পাবেন। আপনার কাছে আপনার সন্তানের আইডি নম্বর না থাকলে স্কুলে যোগাযোগ করুন।
3. আপনার সন্তানের স্কুল প্রদত্ত চিঠিতে উল্লিখিত অনন্য অ্যাকাউন্ট তৈরির কোডটি এন্টার করুন যা শুধু আপনার ও আপনার সন্তানের জন্য নির্দিষ্ট।
4. "পরবর্তী" নির্বাচন করুন।
5. আপনার পাসওয়ার্ড লিখুন এবং ইমেইল ঠিকানা নিশ্চিত করুন।
6. একটি নতুন পাসওয়ার্ড ঠিক করুন তৈরি করুন।
7. "ক্রিয়েট অ্যাকাউন্ট" বেছে নিন এবং আপনার ইমেইল ও পাসওয়ার্ড দিয়ে লগ ইন করার জন্য "সাইন ইন" নির্বাচন করুন।
8. সন্তানের তথ্য দেখতে হলে প্রথমবার সাইন ইন করার পর আপনাকে তিনটি সিকিরিটি কোয়েশ্চেন বাছাই এবং আনসার করতে এবং আপনার ইমেইল ঠিকানা নিশ্চিত করতে হবে।

আপনার অ্যাকাউন্টে বাড়তি সন্তান যোগ করা:

1. আপনি আপনার এনওয়াইসি স্কুলস্ অ্যাকাউন্টে লগ-ইন করার পর, স্ক্রিনের উপরের ডান কোণায় "ম্যানেজ মাই অ্যাকাউন্ট"-এ যান।
2. "অ্যাড স্টুডেন্টস্" সেকশনের অধীনে, বাকি প্রত্যেক শিক্ষার্থীর জন্য ধাপ ২ এবং ৩ পুনরায় অনুসরণ করুন।
3. "সেভ"-এ ক্লিক করুন।

অ্যাকাউন্ট তৈরি করার কোড আপনার এবং আপনার সন্তানের জন্য সুনির্দিষ্ট এবং তা অপরের সাথে শেয়ার করবেন না। আপনি যদি এনওয়াইসি স্কুলস্ অ্যাকাউন্টে লেটারে উল্লিখিত পিতামাতা না হন, আপনার সন্তানের রেকর্ড জানার সহায়তালাভে তার স্কুলে যোগাযোগ অথবা 311 নম্বরে ফোন করুন।

বাড়তি সহায়তা

এনওয়াইসি স্কুলস্ অ্যাকাউন্ট ট্যাবলেট ও স্মার্ট ফোনসহ ইন্টারনেট সংযোগ রয়েছে এমন যে কোনে ডিভাইস থেকে দেখতে পাওয়া যায়। কমপিউটার সুবিধা লাভে আপনি আপনার নিকটবর্তী পাবলিক লাইব্রেরিতে যান।

যদি আরো সহায়তা দরকার হয় বা আপনার অ্যাকাউন্ট কীভাবে ব্যবহার করবেন সেসম্পর্কে কোন প্রশ্ন থাকে তাহলে আপনার সন্তানের স্কুলে যোগাযোগ করুন অথবা 311 নম্বরে ফোন করুন

৮ জুন, ২০১৬ তারিখে হালনাগাদকৃত।